VOL-1, Issue 4
*For circulation to Subscribers only* *Price : Rs. 2*

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০
...mmilan Barta ❑ Brahmo Sammilan Samaj

প্রথম ব... সেপ্টেম্বর ২০১১ ভাদ্র-আশ্বিন ১৪১৮

—ঃ সূচীপত্র ঃ—


| | | |
|---|---|---|
| এ মাসের নিবেদন ঃ ডঃ দেবাশিস সেন | — | ১ |
| স্মরণিকা | — | ২ |
| সাপ্তাহিক উপাসনা ও স্মরণ | — | ২ |
| বিশেষ অনুষ্ঠান | — | ৩ |
| ২০১১ অক্টোবর মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী | — | ৩ |
| নতুন সভ্য-সভ্যা | — | ৩ |
| শোক সংবাদ | — | ৩ |
| পারিবারিক ও অন্যান্য অনুষ্ঠান | — | ৪ |
| কৃতজ্ঞতা স্বীকার | — | ৫ |
| School News | — | ৫ |
| ৮৬তম বার্ষিক উৎসব ঃ ব্রহ্মমন্দির বারিপদা | — | ৬ |
| ভ্রম সংশোধন | — | ৬ |
| বিশেষ ঘোষণা | — | ৬ |
| Notice | — | ৭ |
| AGM Notice | — | ৭ |


**সমাজ কার্যালয়ে যোগাযোগের সময় ঃ**
প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা
Telephone No. (033)6450-0915
email :sammilanbarta@gmail.com

## এ মাসের নিবেদন

বিশ্বপ্রকৃতির বিরাটত্ব হল গভীর ও অন্তহীন প্রেম। যদি মানুষকে ভালবেসেছ তবে ঈশ্বরকেই ভালোবেসেছ, যদি বিশ্বপ্রকৃতিকে ভালোবেসেছ তবে ঈশ্বরকেই ভালোবেসেছ। জীবের সুখ-দুঃখে যিনি উদাসীন তিনি ঈশ্বরেও উদাসীন। শুধুমাত্র অনুষ্ঠানের দ্বারা ধর্ম পালন পূর্ণতা লাভ করে না। প্রেমে ও ত্যাগে অবিশ্বাসী ব্যক্তি সাম্প্রদায়িক, ছুঁৎমার্গী ও সঙ্কীর্ণমনা হয়। অরণ্যভূমি, নদী, উদার আকাশ, মানুষের সরলতা তার কাছে কোন মানে রাখে না। তাই সে মানুষে মানুষে স্বার্থহীন ভালোবাসায় এবং বিশ্বাস ও চেতনার ধর্মাচরণের পথে যে মহৎ উত্তরণ — তা সে বিশ্বাস করে না, সে সভ্যতার চিরনিন্দুক হয় ও মহত্ব পালনে অসমর্থ হয়। তৃপ্তি সেইখানে যখন সকল যুক্তি এক অপরূপ স্বপ্নকে চেতনার দ্বারা সত্যতে প্রকাশ করে। যিনি এই দীন - দুনিয়ার মালিক তিনি তো রহিম ও রহমান, সেই দীননাথ নিজে প্রেমের কাঙাল, তিনি প্রতিনিয়ত একটুখানি ভালোবাসার জন্য আকুলি - বিকুলি করছেন। তারা খচিত রাতের আকাশের 'নিস্তব্ধতা', সূর্য উদয়ে পাখির 'গান', মানুষের উদার 'মন', এই বিশ্বপ্রকৃতির 'জড় ও জীব' সকলই ঈশ্বরের অস্তিত্ব ঘোষণা করে। ঈশ্বরের 'সত্য' শিল্প ও আত্মবোধের 'সত্য' থেকে চেতনার প্রকাশে ব্রাহ্মধর্ম সৃষ্টি হয়েছে, দ্বিধাহীন ভাবে জীবনবোধ প্রাকশিত হয়েছে। অন্তরের ডাক, অসীমতা, আত্মবোধ, প্রেম, একান্ত বেদনা অফুরান ব্রাহ্মধর্মকে সৃষ্টি করেছে। সাধুভাব ঈশ্বরের সত্য, জ্ঞান ঈশ্বরের সত্য, প্রেম ও পবিত্রতা ঈশ্বরের সত্য — এই সত্যের অধিকারী হতে পারলেই পরমাত্মার সঙ্গে 'যোগ' সৃষ্টি হয়। আমরা ভুলে যাই ঈশ্বর নিত্য দিনের চিত্রকর, কতকিছু উপহার দিয়েছেন তিনি। যিনি দু-চোখে স্বপ্ন নিয়ে জ্ঞানের পাখা মেলে দেন, সত্যকে খুঁজে বেড়ান, যাঁর অনুরাগের ছোঁয়াতে জেগে ওঠে দরদী মন। যিনি আগাছায় ভ'রে ওঠা বিপন্নকে বাঁচান — তিনি প্রকৃত ভক্ত ব্রাহ্ম। তিনি বলেন — হে সুন্দর, এই নাও আমার সর্বস্ব, আমার জীবন।

যাঁর মোহ নেই — চরাচর জুড়ে শুধু ত্যাগ, আগুনে পোড়ান সত্যে দৃঢ়

—ঃ বিশেষ অনুষ্ঠান ঃ—

১৭৮ তম রাজা রামমোহন রায়ের তিরোধান দিবস ২০১১

সোমবার ২৭শে সেপ্টেম্বর ২০১১ ঃ ময়দানে রাজর্ষি রামমোহন রায়ের মূর্তির পাদদেশে পুষ্পার্ঘ অর্পণ,
সকাল ৮-৩০ টা প্রার্থনা ও শ্রদ্ধাঞ্জলি।
আচার্য - শ্রীসঞ্জীব মুখার্জি
সঙ্গীত - ব্রাহ্ম বালিকা বিদ্যালয়ের শিশু ছাত্রীবৃন্দ

—ঃ ২০১১ অক্টোবর মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী ঃ—

| | | | |
|---|---|---|---|
| রবিবার ২রা অক্টোবর, ২০১১ — | আচার্য | - | ডঃ শুচিতা দেব |
| সন্ধ্যা ৬-৩০ টা | স্মরণ | - | আচার্য শিবনাথ শাস্ত্রী, মহাত্মা গান্ধী ও ভাই প্রতাপচন্দ্র মজুমদার |
| | সঙ্গীত | - | শ্রীমতী মানসী চ্যাটার্জী |
| রবিবার ৯ই অক্টোবর, ২০১১ — | আচার্য | - | শ্রীতপোব্রত ব্রহ্মচারী |
| সন্ধ্যা ৬-৩০ টা | স্মরণ | - | সৌম্যেন্দ্রনাথ ঠাকুর |
| | সঙ্গীত | - | ব্রাহ্মযুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |

**আপনাদের সবান্ধব উপস্থিতি কামনা করি।**

—।। নূতন সভ্য-সভ্যা ।।—

বিগত ১৩ই আগষ্ট ২০১১ সমাজের কার্যকরী সভায় গৃহীত অনুমোদন অনুসারে শ্রীমতী সুদীপ্তা রক্ষিত ও শ্রী দীপঙ্কর সেন প্রত্যেকে বার্ষিক চাঁদা ১০০ টাকা ও নিজস্ব চাঁদা তহবিলে (MOS Fund) ১০০০ টাকা (রসিদ নং যথাক্রমে ৫৫১ ও ৫৫২, ৫৫৪ ও ৫৫৫) প্রদান করে নূতন সভ্য সভ্যা নির্বাচিত হয়েছেন।

এঁদের সকলকে আমরা সাদর অভ্যর্থনা ও শুভেচ্ছা জানাই।

সমাজের পুরাতন সদস্য শ্রীপ্রসাদরঞ্জন রায় নিজস্ব চাঁদা তহবিল (MOS Fund) ১০০০ টাকা (র/নং ৫৫২) প্রদান করেছেন।

—ঃ শোক সংবাদ ঃ—

বিগত ৮ই আগষ্ট সোমবার ২০১১ প্রয়াত সুরেশচন্দ্র মজুমদার ও প্রয়াতা অমিয়াময়ী মজুমদারের কন্যা, প্রয়াত বঙ্কিমচন্দ্র সেনের পত্নী এবং শ্রীসুনন্দ সেন ও শ্রীমতী দীপালি গাসকেলের মাতা **শ্রীমতী অঞ্জলি সেন** ৯২ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

বিগত ২১শে আগষ্ট ২০১১ রবিবার সকাল ৬-৪০ মিনিটে প্রয়াত প্রফুল্ল কুমার বসু ও প্রয়াতা বিভা বসুর তৃতীয় কন্যা এবং সমাজের তৎকালীন সহ-সভাপতি প্রয়াত প্রবীর কুমার বসুর ভগিনী ও সমাজের শুভানুধ্যায়ী শ্রীমতী শ্রীলেখা বসু ৮৩ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন। প্রয়াত বসু কেন্দ্রীয় সরকারের Planning Commission, UNO, ISI ও অন্যান্য অনেক গুরুত্বপূর্ণ বিভাগের সঙ্গে যুক্ত ছিলেন। তিনি অনন্য সাধারণ মেধার অধিকারী ছিলেন। ISI -তে স্নাতক হিসাবে তাঁর সর্বভারতীয় পরীক্ষার ফল আজও দৃষ্টান্তস্বরূপ অক্ষুন্ন অছে। বিভিন্ন বিষয়ে তাঁর লেখা গবেষণা প্রসূত প্রবন্ধ প্রকাশিত হয়েছে যা অনেক গবেষকের সূত্র হিসাবে ব্যবহৃত হয়। আন্তর্জাতিক মহলে তিনি অত্যন্ত সুপরিচিত ছিলেন। পুরাতন ব্রহ্মসঙ্গীতের সুর পুনরুদ্ধার প্রকল্পে তিনি সমাজকে ১০০০০ টাকা দান করেছিলেন।

প্রতিজ্ঞ মন, অপরাধকে বলেছে আঙুল তুলে — "চুপ" আকাশ ভাঙা কান্না কেঁদেছেন ভক্তির ভিটেতে, যাঁর মেঠো পথ বেয়ে এসেছে চেতনা সমুদ্র — যিনি আত্মার অন্বেষণে অদ্বিতীয় অতীন্দ্রিয় সর্বনিয়ন্তা নিরাকার অন্তর্যামী ব্রহ্মে সদা লীন হয়ে থাকেন — জাতি-ধর্মনির্বিশেষে "তিনি" ব্রাহ্ম, ব্রহ্ম সন্তান, অমৃতের ফিরিওয়ালা। নূতন ভুবন গড়ার দূত। তিনি আপন মনে আঁক কষে যান ভালবাসার চাঁদ। তাঁর ঈশ্বর কাহিনী ,মুক্ত ঈশ্বর।

— ডঃ দেবাশিস সেন

---

## —ঃ স্মরণিকা ঃ—

**মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি**

| | | | |
|---|---|---|---|
| ৫ই সেপ্টেম্বর | (১৯৯৭) | — | মাদার টেরিজার ১৪ তম তিরোধান দিবস। |
| ১১ই - ২৭শে সেপ্টেম্বর | (১৮৯৩) | — | শিকাগো ধর্ম মহাসভার ১১৮ তম বার্ষিকী। |
| ১৩ই সেপ্টেম্বর | (১৯১০) | — | কান্তকবি রজনীকান্ত সেনের ১০১ তম তিরোধান দিবস। |
| ১৬ই সেপ্টেম্বর | (১৯৭৭) | — | ভারতের প্রাক্তন প্রধান বিচারপতি ও সমাজের প্রাক্তন সদস্য সুধীরঞ্জন দাসের ৩৪ তম তিরোধান দিবস। |
| ২২শে সেপ্টেম্বর | (১৯৭৪) | — | সৌম্যেন্দ্রনাথ ঠাকুরের ৩৭ তম তিরোধান দিবস। |
| ২৬শে সেপ্টেম্বর | (১৮২৮) | — | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ১৮৩ তম তিরোধান দিবস। |
| ২৭শে সেপ্টেম্বর | (১৮৩৩) | — | রাজা রামমোহন রায়ের ১৭৮ তম তিরোধান দিবস। |
| ৩০শে সেপ্টেম্বর | (১৯১৯) | — | আচার্য শিবনাথ শাস্ত্রীর ৯২ তম তিরোধান দিবস। |

---

## —ঃ ২০১১ সেপ্টেম্বর মাসের উপাসনা ও স্মরণ ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ৪ঠা সেপ্টেম্বর, ২০১১ | — | আচার্য | - | শ্রীমতী সুনন্দা চ্যাটার্জী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | **স্মরণ** | - | **প্রেমময়ী মাদার টেরিজা** |
| | | সঙ্গীত | - | শ্রীমতী মানসী চ্যাটার্জী |
| রবিবার ১১ই সেপ্টেম্বর ২০১১ | — | আচার্য | - | শ্রীসঞ্জীব মুখার্জি |
| সন্ধ্যা ৬-৩০ টা | | **স্মরণ** | - | **কান্তকবি রজনীকান্ত সেন** |
| | | সঙ্গীত | - | ব্রাহ্মযুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |
| রবিবার ১৮ই সেপ্টেম্বর ২০১১ | — | আচার্য | - | শ্রীরাজকুমার বর্মণ |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত |
| রবিবার ২৫শে সেপ্টেম্বর ২০১১ | — | আচার্য | - | শ্রীপ্রণব রায় |
| সন্ধ্যা ৬-৩০ টা | | **স্মরণ** | - | **ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও রাজা রামমোহন রায়** |
| | | সঙ্গীত | - | শ্রীকৌশিক দে |

**আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।**

প্রার্থনা করি বিদেহী আত্মা পরম জননীর স্নেহময় ক্রোড়ে চিরশান্তি লাভ করুন। শোকার্ত পরিবার-পরিজনদের শোকসন্তপ্ত হৃদয়ে তাঁদের এই অপূরণীয় ক্ষতি ও গভীর শোকে আন্তরিক সমবেদনা ও সান্ত্বনা জ্ঞাপন করি।

## —ঃ পারিবারিক / অন্যান্য অনুষ্ঠান ঃ—

**শ্রাদ্ধানুষ্ঠান ঃ**

বিগত ৩রা জুলাই রবিবার ২০১১ সকাল ১০টায় প্রয়াতা সুপূর্ণা দত্তের স্মরণে প্রার্থনা সভায় আচার্যের কাজ পালন করেন শ্রীমতী নন্দিতা সরকার।

বিগত ১৫ই আগষ্ট ২০১১ সোমবার সকাল ১০ টায় প্রয়াতা অঞ্জলি সেনের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি এবং সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী চিত্রিতা দাসগুপ্ত, সুনন্দা মজুমদার, আলো ভট্টাচার্য, চন্দন বসু রায়, অলোক বসু। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীমতী দীপালী গ্যাসকেল (কন্যা), শ্রীমতী শারণ সেন (পুত্রবধূ), শ্রীমতী জলী কাউল, শ্রীমনু পালচৌধুরী, শ্রীমতী রাধিকা সেন, শ্রীমতী মালবিকা সেন, শ্রীসুমন মজুমদার। অনুষ্ঠানে বহু আত্মীয় পরিজন ও সুহৃদ উপস্থিত ছিলেন।

**সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ**

বিগত আগষ্ট মাসের রবিবাসরীয় সাপ্তাহিক উপাসনায় কার্যসূচী অনুযায়ী কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের তিরোধান দিবস (দ্বিতীয় রবিবার) স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। সাপ্তাহিক উপাসনায় ডাঃ শুচিতা দেব (প্রথম রবিবার), শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী (দ্বিতীয় রবিবার) আচার্যের দায়িত্ব পালন করেন। সঙ্গীত পরিবেশন করেন প্রথম রবিবার শ্রীমতী মানসী চ্যাটার্জী, দ্বিতীয় রবিবার সর্বশ্রী/শ্রীমতী কস্তুরী চক্রবর্ত্তী, রীতা চক্রবর্ত্তী, মৌসুমী চ্যাটার্জী, অনুলেখা ব্যানার্জী, অনুরমা ভট্টাচার্য্য, মৌমিতা গুহ, উদিতা রায়, মৃদুলা ব্যানার্জী, অনিন্দিতা দাসগুপ্ত, সুস্মিতা নাথ, শ্যামলী সেনগুপ্ত, সুহিতা ভট্টাচার্য্য, অরুন্ধতী ভট্টাচার্য্য, বিজয়লক্ষ্মী দাস, শ্রীচন্দ্রা ব্যানার্জী, মধুশ্রী ব্যানার্জী, মণিদীপা ভট্টাচার্যি, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, শঙ্কর প্রসাদ মিত্র, সৈকতশেখরেশ্বর রায়, দেবাশীষ রায়চৌধুরী, অদিতি গুপ্ত, অবন সাহা, মন্দার দাশগুপ্ত। যন্ত্রানুষঙ্গে শ্রীকমল পণ্ডিত।

**৬৪ তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন ঃ**

বিগত ১৫ই আগষ্ট ২০১১, রবিবার সন্ধ্যায় সমাজ মন্দিরে ৬৪ তম স্বাধীনতা দিবস উপলক্ষে প্রার্থনা করেন শ্রীমতী সুতপা রায়চৌধুরী এবং সঙ্গীত পরিবেশন করেন 'মুক্তধারা'র শিল্পীবৃন্দ।

**১৮৩ তম ভাদ্রোৎসব (১৪১৮) ঃ**

বিগত ২১শে আগষ্ট ২০১১ (৩রা ভাদ্র, ১৪১৮), রবিবার সন্ধ্যায় সমাজ মন্দিরে ১৮৩ তম ভাদ্রোৎসবের উদ্বোধন হয়। প্রার্থনা করেন শ্রীঅনিরুদ্ধ রক্ষিত। ঐদিন ভক্ত-গায়ক দেবব্রত বিশ্বাসকে তাঁর শততম জন্মদিবস উপলক্ষে স্মরণ করা হয় এবং 'শতবর্ষের আলোকে গীতাঞ্জলি' শীর্ষক একটি সঙ্গীতালেখ্য পরিবেশিত হয়। অংশগ্রহণ করেন সর্বশ্রী/শ্রীমতী অনন্যা চ্যাটার্জী, মানসী চ্যাটার্জী, মৌসুমী চ্যাটার্জী, অনুরাধা বসু, সুনন্দিতা সেনগুপ্ত, চন্দনা চ্যাটার্জী, দেবাশীষ বসু, গৌতম সেনগুপ্ত, অভিজিৎ দেব, সুমন মজুমদার। পাঠে অংশগ্রহণ করেন সর্বশ্রী/শ্রীমতী সুনন্দিতা সেনগুপ্ত, শর্মিলা বসু, অনিরুদ্ধ রক্ষিত। যন্ত্রানুষঙ্গে - সর্বশ্রী বীরেশ্বর ভৌমিক ও পঞ্চানন বড়াল।

বিগত ২৪শে আগষ্ট ২০১১ (৬ই ভাদ্র ১৪১৮) বুধবার সন্ধ্যায় সমাজ মন্দিরে ১৮৩ তম ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বিশেষ উপাসনায় আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি এবং সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী উদিতা রায়, অনুরমা ভট্টাচার্য, সুস্মিতা নাথ, মৃদুলা ব্যানার্জী, মনিদীপা ভট্টাচার্য, ইভা মুখার্জী, মৌসুমী চ্যাটার্জী, মৌমিতা গুহ, মধুশ্রী বন্দ্যোপাধ্যায়, অরুন্ধতী ভট্টাচার্য, লক্ষ্মী খাস্তগীর, সুহিতা ভট্টাচার্য, শ্রীচন্দ্রা ব্যানার্জী, অনিন্দিতা দাসগুপ্ত, বিজয়লক্ষ্মী দাস, রীতা চক্রবর্ত্তী, কস্তুরী চক্রবর্ত্তী, মন্দার সেনগুপ্ত, চন্দ্রা গুপ্ত, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, শঙ্কর প্রসাদ মিত্র, অবন সাহা, জহর ব্যানার্জী, মলয় দাস। যন্ত্রানুষঙ্গে শ্রীকমল পণ্ডিত ও শ্রীগৌতম রায়।

বিগত ২৬শে আগষ্ট ২০১১ (৮ই ভাদ্র ১৪১৮) শুক্রবার সন্ধ্যায় সমাজ মন্দিরে ভক্তকবি অতুলপ্রসাদ সেন ও প্রেমময়ী মাদার টেরিজার স্মরণে বিশেষ ব্রহ্মোপাসনায় আচার্যের কাজ পালন করেন শ্রীঅরুণ রায় ও শ্রীমতী শুক্লা দাসগুপ্তের পরিচালনায় সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী মানসী চ্যাটার্জী, ইন্দ্রানী রায়, অনন্যা চ্যাটার্জী, সুনন্দিতা সেনগুপ্ত, মৌসুমী চ্যাটার্জী, চন্দনা চ্যাটার্জী, জয়িতা দে, রীতা চক্রবর্ত্তী, কস্তুরী চক্রবর্ত্তী, অনুলেখা ব্যানার্জী, রীণা দোলন গঙ্গোপাধ্যায়, অনসুয়া দত্ত, প্রণতি মজুমদার, মিত্রা দেব, সুদেষ্ণা ভট্টাচার্য, জয়ন্তী নাথ, ঋতশ্রী ভট্টাচার্য, দেবাশিষ বসু, গৌতম সেনগুপ্ত, অভিজিৎ দাস, অপূর্ব চৌধুরী, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, তাপস কুণ্ডু, কৌশিক দে ও সুরজিৎ ধর। পাঠে অংশগ্রহণ করেন শ্রীমতী সুচেতা চ্যাটার্জী ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত। যন্ত্রানুষঙ্গে শ্রীপঞ্চানন বড়াল, শ্রীকমল পণ্ডিত ও শ্রীবীরেশ্বর ভৌমিক।

বিগত ২৮শে আগষ্ট ২০১১ (১০ই ভাদ্র ১৪১৮) রবিবার সন্ধ্যায় সমাজ মন্দিরে ১১৪ তম ব্রাহ্ম সম্মিলন সমাজ প্রতিষ্ঠা দিবস স্মরণে ও ১৮৩ তম ভাদ্রোৎসবের শান্তিবাচন উপলক্ষে বিশেষ উপাসনায় আচার্যের কাজ পালন করেন ডঃ অমিতাভ খাস্তগীর এবং সঙ্গীতে অংশগ্রহণ করেন শ্রীদেবাশীষ রায় এবং যুবজন।

---

## —ঃ কৃতজ্ঞতা স্বীকার ঃ—

**সাধারণ ফণ্ড ঃ** শ্রীসুদীপ্ত রায় ও শ্রীজয়ন্ত রায় (প্রয়াতা মাতা অর্চনা রায়ের আদ্যশ্রাদ্ধ (০৭/০৭/১১)উপলক্ষে)— ১০০০টাকা (র/নং ২৫৮৪); শ্রীমতী সুনন্দা দাস (শ্রীরামেশ্বর সিং এর চিকিৎসা বাবদ) — ১০০ টাকা (র/নং ২৫৮৭); শ্রীসুব্রত দাসগুপ্ত (ডাকমাশুল বাবদ) — ১০০ টাকা (র/নং ২৫৮৮); শ্রীমতী এষা নিয়োগী দে (প্রয়াতা মাতা পুষ্পাঞ্জলি নিয়োগীর স্মৃতির উদ্দেশ্যে) মৃত্যু - ২৮/০৬/১১)— ৩০০০ টাকা (র/নং ২৫৮৯); শ্রীইন্দ্রজিত মুখার্জী ও শ্রীমতী শ্যামলী মুখার্জী (শ্রী ইন্দ্রজিৎ মুখার্জীর পিতা প্রয়াত প্রতাপ চন্দ্র মুখার্জীর শততম জন্মদিবস উপলক্ষে) — ১০০০ টাকা (র/নং ২৫৯০); শ্রীমতী সুতপা রায়চৌধুরী — ২০০ টাকা (র/নং ২৫৯১); মোট — ৫৪০০ টাকা।

**ওয়েলফেয়ার ফণ্ড ঃ** শ্রীমতী শারণ সেন (প্রয়াতা শ্বশ্রূমাতা অঞ্জলি সেনের আদ্যশ্রাদ্ধ (১৫/০৮/১১) উপলক্ষে)— ১৫০ টাকা (র/নং ২৫৮৬);

**নৈশবিদ্যালয় ফণ্ড ঃ** শ্রীঅরুণ কুমার বসাক ও শ্রীমতী অণিমা বসাক — ৫০০০ টাকা (র/নং ৪৪৩); শ্রীমতী শ্রীলা বোস (প্রয়াতা মাতা সান্ত্বনা বোসের স্মরণে) — ১৫০০ টাকা (র/নং ৪৪৪); শ্রীমতী ইন্দ্রানী পাল (পৌত্র শ্রীসন্দীপ পালের স্কুল লিভিং পরীক্ষায় সাফল্য উপলক্ষে)— ২০০০ টাকা (র/নং ৪৪৫); ডঃ রাজ্যশ্রী বন্দ্যোপাধ্যায় (প্রয়াতা ভগিনী রূপশ্রী চন্দের চতুর্দশ মৃত্যুবার্ষিকী (২৭শে জুলাই ২০১১) উপলক্ষে) — ১০০০ টাকা (র/নং ৪৪৬); মোট — ৯৫০০ টাকা।

**বিশেষ দান ঃ** ভাদ্রোৎসব উপলক্ষে জলযোগের ব্যয় বাবদ নিম্নলিখিত ব্যক্তিরা দান করেন।

| | | |
|---|---|---|
| ১৫ই আগষ্ট ২০১১ ও ২১শে আগষ্ট ২০১১ | — | শ্রীসমীর চৌধুরী |
| ২৪শে আগষ্ট ২০১১ (৬ই ভাদ্র) | — | শ্রীপ্রসূন গাঙ্গুলী (শ্রীশরদিন্দু গাঙ্গুলীর ৮৭ তম জন্মদিবস উপলক্ষে) |
| ২৬শে আগষ্ট ২০১১ ও ২৮শে আগষ্ট ২০১১ | — | শ্রীমতী সুমিতা ব্যানার্জী। |

এই সকল সহৃদয় দান ও সাহায্যের জন্য সকল দাতাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। করুণাময় ঈশ্বর এঁদের সকলের মঙ্গল বিধান করুন এবং এই সকল দান সার্থক হোক।

---

## School News

Smt. Sucheta Neogi treated the children with food packets on the 5th death anniversary (28th July) of her husband late Rabindranath Neogi. Two of her daughters visited the school and were happy to

see the children and their drawing class in progress. We thank them for their thoughtful gesture. Smt. Sunanda Chatterjee observed the 8th birthday of her grandson Ahir by treating the Night School children with cakes.

---

## ৮৬ তম বার্ষিক উৎসব
## ব্রহ্মমন্দির বারিপদা

বিগত ৩০ - ৩১জুলাই ২০১১ নবরূপের ব্রহ্মমন্দির গৃহটি মন্দরের বিভিন্ন গাছের পাতা ও কলকাতা থেকে আনা অল্প ফুল দিয়ে দুদিন দুরকমে সুন্দরভাবে সাজানো হয়েছিল। সন্ধ্যায় আলোক সজ্জায় মন্দিরগৃহটি দৃষ্টিনন্দন রূপ ধারণ করে।

৩০ তারিখ শনিবার সন্ধ্যা ৭টায় উৎসবের উদ্বোধনে প্রার্থনা করেন শ্রীরাজকুমার বর্মণ। তৎপরে রবীন্দ্রনাথের বিভিন্ন পর্বের গানে মন্দিরগৃহটি মুখরিত হয়ে ওঠে। উপস্থিত ভক্তগন শ্রীঅরিন্দম বন্দ্যোপাধ্যায়, শ্রীমতী শ্রাবন্তী (বসু) বন্দ্যোপাধ্যায়, শ্রীসুগত রায়, শ্রীমৃণাল চৌধুরী, শ্রীমতী ইভা সেনগুপ্ত ও শ্রীমতী পাপিয়া ভৌমিকের গানে মন্ত্রমুগ্ধ হন।

৩১ তারিখ রবিবার সকাল ১০টায় কীর্তন করেন শ্রীরাজকুমার বর্মণ। ১০-৩০ মিনিট বৈতালিক ও তৎপরে ব্রহ্মোপাসনা অনুষ্ঠিত হয়। আচার্যের কাজ করেন শ্রীরাজকমার বর্মণ ও সঙ্গীত পরিচালনা করেন শ্রীসুগত রায়। প্রতিবারের ন্যায় "বারিপদা মেসেঞ্জার" বইটির ৮৬ তম উৎসব সংখ্যা উপস্থিত শতাধিক ভক্তগণের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়। তৎপরে ভক্তগণ প্রেমান্ন গ্রহণ করেন।

সন্ধ্যা ৭টায় শান্তিবাচন অনুষ্ঠানে উপাসনা করেন শ্রীরাজকুমার বর্মণ ও সঙ্গীত পরিচালনা করেন শ্রীমতী প্রতিমা কুয়ার।

---

## —ঃ ভ্রম সংশোধন ঃ—

বিগত আগষ্ট ২০১১ ব্রাহ্ম সম্মিলন বার্তায় কৃতজ্ঞতা স্বীকার বিভাগে কমোডার সুব্রত বোসের প্রয়াতা মাতার নাম সুচিত্রা বোসের স্থলে সুচরিতা বোস মুদ্রিত হয়েছে। এই ভ্রমের জন্য আমরা দুঃখিত।

---

## —।। বিশেষ ঘোষণা ।।—

ভারত সরকারের রেজিষ্ট্রেশন অফ নিউজপেপার্স ( সেন্ট্রাল) রুলস, ১৯৫৬ অনুসারে প্রতিটি সংবাদপত্রের একটি আর এন আই নম্বর থাকা প্রয়োজন। এতাবদ্‌কাল এই নম্বর ব্যতীত যে কোন সংবাদপত্র ডাকে পাঠানোর সুযোগ ছিল। অধুনা ভারতীয় ডাক ও তার বিভাগ প্রতিটি সংবাদপত্রে ডাক মাশুলে বিশেষ সুবিধার জন্য পোষ্টাল রেজিষ্ট্রেশন নম্বরের সঙ্গে আর এন আই নম্বর বাধ্যতামূলক করেছেন। এই আর এন আই নম্বর পাওয়ার জন্য যথাযোগ্য স্থানে আবেদন করা হয়েছে। পাঠকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যতদিন না আর এন আই নম্বর পাওয়া যাচ্ছে, ততদিন অবধি প্রতিটি সংখ্যার ডাক খরচ ২৫ পয়সার পরিবর্তে **চার টাকা** লাগবে।

---

## NOTICE

As per unanimous decision in the Annual General Meeting held on 12.09.2010, the Annual Subscription has been revised to Rs. 100/- w.e.f. 01.04.2011 from previous subscription of Rs. 50/-. The Member's Own Subscription Fund (MOSF) has been revised to Rs. 1000/- wef 01-04-2011.

---

# Brahmo Sammilan Samaj

**1A, Dr. Rajendra Road, Bhowanipur**

**Kolkata-700 020**

## NOTICE

The Annual General Meeting of the Samaj for the year 2010-11 will be held on Sunday 25th September, 2011 at 10.00 a.m. in the Prayer Hall of the Samaj.

Eligible members (*) are earnestly requested to be present.

## AGENDA :

1. To confirm the proceedings of the last Annual General Meeting.
2. To adopt the Annual Report for the year 2010-11.
3. To adopt the Audited Accounts for the year 2010-11.
4. To appoint Office-bearers and eleven Ordinary Members of the Governing Body for the year 2011-12.
5. To appoint Auditors for the year 2011- 12.
6. To authorise the Secretary to select an Assistant Secretary for the year 2011- 12.
7. To enhance the donation amount of the ceremonies to be held in the Samaj Premises.
8. To consider any other matter that may be brought before the meeting with the approval of the Chairman of the meeting.

**Prasun Ganguly**
Hon. Secretary

30th August, 2011

(*) **Eligible Members :** The members may kindly note the Rules quoted below :-

**Rule 14** : A Member of one year's standing from the date of his/her enrolment shall be entitled to the rights of membership.

**Rule 15** : The power and privilege of the Members of the Samaj are the following :-

a) A Member of the Samaj is entitled to take part in such election as provided in Rules 44 to 53 of the Permanent Minister, the Office-bearers and the Ordinary Members of the Governing Body at the Annual General Meeting of the Members of the Samaj.

b) At the Annual General Meeting or at a Special Meeting of Members, a Member is entitled to make comments on the work done by the Samaj, and to bring forward proposals about the advancement of such work, for subsequent consideration by the Governing Body.

c) A Member of the Samaj with requisite qualifications is entitled to stand for election as provided in Rule 53, as Auditor of the Samaj and also to scrutinise the accounts of the Samaj, after giving at least a week's notice to the Secretary.

d) Only Aunsthanik Members of the Samaj are eligible for election or appointment as Members of the Governing Body (vide Rules 29, 30, 43 and 53).

**Rule 18 :** If the arrears still remain unpaid for at least three years, the Governing Body may, if they think fit, remove the defaulting Member from the list of Members. But even if borne on the list, he/she shall not be entitled to powers and privileges (vide Rule 15) until he/she has paid up his/her arrears. If the arrear subscription is paid within the last date of submission of Nomination Papers, the Members shall be entitled to all powers and privileges as stated in Rule 15.

* * *

(Please clear your Annual Subscription, if not already paid)

## Notes on Agenda Items Forming Part of the Notice

**Notes on Items 2 & 3 :** Copies of the Annual Report and the Audited Annual Accounts will be available for the Members on and from 22nd September, 2011 in the Samaj Office between 6.30 p.m. and 8.00 p.m.

**Note on Item 4 :** The following nominations have been made by the Governing Body for the year 2011-12 under Rule 49 of the General Rules of the Samaj and are hereby circulated under the said Rule 49 :

**Permanent Minister :** Sri Sanjib Mookerji (Appointed for 3 years from 2009-10 to 2011-12).

**President :** Sm. Sunanda Das.

**Vice-Presidents (Two) :** Sri Prasadranjan Roy and Sri Prabir Ranjan Dasgupta.

**Secretary :** Sri Prasun Ganguly.

**Asst. Secretaries (Two) :** Sm. Sreelata Gupta and Sm. Rita Biswas.

**Treasurer :** Sri Aniruddha Rakshit

**Ordinary Members Nomination received :** Sm. Anjali Sen, Sm. Chandra Basu, Sri Gautam Sen Gupta, Sm. Nayantara Palchaudhuri, Dr. Rajyasree Bandyopadhyay, Sm. Shukla Das Gupta, Sm. Sunanda (Ratna) Roy Choudhury, Sm. Sunandita Sengupta, Sri Subrata Dasgupta, Sri Sandip Basu, Sri Anupam Chatterjee (Dodo), Sm. Rebecca Rakshit, Sri Sujit Nandy & Sri Arun Roy.

N.B. : Out of above 14 Nomination papers received. 11 ordinary members of the Governing Body to be elected in the Annual General Meeting to be held on Sunday, 25th September 2011.

**Brahmo Sammilan Barta will be available on Samaj Website.**

**Look out for Samaj site : www.thebrahmosamaj.org/samajes/sammilan.html**

লেখক-লেখিকার নিজস্ব মতামতের জন্য সমাজ ও সম্পাদক-মণ্ডলী কোনক্রমে দায়ী নহেন।

Printed and Published by Sri Prabir Ranjan Das Gupta on behalf of Brahmo Sammilan Samaj, Published from 1A, Dr Rajendra Road, Kolkata-700 020 and Printed at Bhowanipur Art Press, 80, Ashutosh Mukherjee Road, Kolkata-700 025. Editor : Dr. Madhusree Ghosh.

Date of Publication : 1st September, 2011